

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
বিআরটিএ সংস্থাপন শাখা  
[www.rthd.govd.bd](http://www.rthd.govd.bd)

নম্বর: ৩৫.০০.০০০০.০২০.৯৯.০১৮.২৬-৩১৬


তারিখ: ১১ জুন ২০২৬  
২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩

**প্রজ্ঞাপন**

সড়ক পরিবহন আইন, ২০১৮ (২০১৮ সনের ৪৭ নং আইন) এর ধারা ৪৪ ও ১২৪ (১) (খ) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনস্বার্থে নিরাপদ সড়ক পরিবহন ব্যবস্থাপনা নিশ্চিতকরণের জন্য নিম্নরূপ আদেশ জারি করল:

- (ক) প্রতিটি গণপরিবহনে জিপিএস সংযুক্ত করতে হবে;
- (খ) গণপরিবহন পরিচালনার সময় সংযুক্ত জিপিএস বাধ্যতামূলকভাবে চালু রাখতে হবে; এবং
- (গ) গণপরিবহনের ফিটনেস ইস্যু ও নবায়নের সময় সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা-২৫ এবং সড়ক পরিবহন বিধিমালা, ২০২২ এর বিধি ৫৫-তে বর্ণিত আইটেমসমূহ পরীক্ষার পাশাপাশি জিপিএস সংযুক্তকরণ নিশ্চিত হয়ে বিআরটিএ কর্তৃক রেজিস্ট্রেশন ও ফিটনেস সনদ নবায়ন করতে হবে।
- ২। এ বিষয়ে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) গণবিজ্ঞপ্তি জারি করবে।
- ৩। জনস্বার্থে জারিকৃত এই আদেশ আগামী ০১ আগস্ট ২০২৬ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
১১/৬/২০২৬

মোঃ জসিম উদ্দিন

সহকারী সচিব

ফোন: ৫৫১০১০৩১

ইমেইল: [brta.est.sec@rthd.gov.bd](mailto:brta.est.sec@rthd.gov.bd)

নম্বর: ৩৫.০০.০০০০.০২০.৯৯.০১৮.২৬-৩১৬/১(২৩)

তারিখ: ১১ জুন ২০২৬  
২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো**

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা
- ০৩। সিনিয়র সচিব/সচিব.....
- ০৪। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা
- ০৫। নির্বাহী পরিচালক, ডিটিসিএ, লাভ রোড, তেজগাঁও, ঢাকা
- ০৬। চেয়ারম্যান, বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
- ০৭। চেয়ারম্যান, বিআরটিএ, সদর কার্যালয়, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা
- ০৮। পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা
- ০৯। বিভাগীয় কমিশনার..... (সকল)
- ১০। অতিরিক্ত আইজিপি, হাইওয়ে পুলিশ, ৩৪ শাহজালাল এভিনিউ, সেক্টর-৪, উত্তরা, ঢাকা

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

- ১১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ১২। পুলিশ কমিশনার..... (সকল)
- ১৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় এবং নৌপরিবহন মন্ত্রণালয়
- ১৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয় এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১৫। জেলা প্রশাসক..... (সকল)
- ১৬। পুলিশ সুপার..... (সকল)
- ১৭। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশের অনুরোধসহ)
- ১৮। সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ২০। সভাপতি/সাধারণ সম্পাদক, জাতীয় প্রেস ক্লাব, ১৮ তোপখানা রোড, ঢাকা-১০০০
- ২১। সভাপতি/মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি, ইউনিক হাইটস, ১১৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকা
- ২২। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮ রাজউক এভিনিউ, ঢাকা
- ২৩। চেয়ারম্যান/জেনারেল সেক্রেটারি, বাংলাদেশ বাস ট্রাক ওনার্স এসোসিয়েশন, ২৫৭/ক, বাগবাড়ী, গাবতলী, ঢাকা